332

দৈনিক ইত্তেফাক

তারিখ ... JUN. 9 . 1999
পৃঃ ৪ কলাম ৭

## একটি স্কুলের নাম প্রসঙ্গে

বরিশাল জেলার বাখরগঞ্জ থানাধীন চরাদী ইউনিয়নে ১৯৬৯ সনের পূর্বে কোন হাইস্কুল ছিল না। আজ হইতে ৩০ বৎসর পূর্বে আমি রানীরহাট নিবাসী আমীর আলী তালুকদারের সহযোগিতায় রানীরহাটের পশ্চিম পার্শ্বে বটতলায় চরাদী ইউনিয়ন হাইস্কুল স্থাপন করি। সেই সময়ই বন্যায় ক্ষতি হওয়ায় ও জমির অসুবিধার দরুন স্কুলটি রানীরহাটের পূর্ব পার্শ্বে স্থানান্তর করা হয়। আজ ৩০ বৎসর পর এলাকার জনৈক প্রভাবশালী ব্যক্তি স্কুলটির নাম পরিবর্তন করিয়া তাহার মায়ের নামে করিতে চাহিয়া বরিশাল মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক উপ-পরিচালক অফিসে এক দরখাস্ত করিয়াছেন। জানিতে পারিয়াছি, উক্ত দরখাস্তের বিবরণী সম্পূর্ণ মিথ্যা ও ষড়যন্ত্রমূলক। এ ব্যাপারে যথাযথ তদন্ত হইলে বোঝা যাইবে। এমতাবস্থায়, হাইস্কুলের নাম অপরিবর্তিত রাখিবার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন জানাইতেছি।

আব্দুল মোতালেব মানিক
তালুকদার,
গ্রামঃ পশ্চিম চরাদী,
ডাকঃ রানীরহাট,
থানাঃ বাখরগঞ্জ,
জেলাঃ বরিশাল।